দৈনিক ইনকিলাব

তারিখ 0 8 JUL 1987
পৃষ্ঠা ৮ কলাম ৭
২৩ শে আষাঢ় ১৩৯৪ বঃ

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাজেট ঘোষিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ৭ জুলাই (সংবাদদাতা)।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিনেটের পঞ্চম বার্ষিক সভায় সম্প্রতি ১৯৮৬-৮৭ সালের সংশোধিত বাজেট এবং ১৯৮৭-৮৮ সালের বাজেট পেশ করা হয়।

১৯৮৭-৮৮ সালের বাজেটে ১০৫০ লাখ টাকা আয় ও ১০৫৮ লাখ টাকা ব্যয় ধরা হয়েছে। যে ৮ লাখ টাকা ঘাটতি দেখানো হয়েছে তা গতবারের ৮ লাখ ৫ হাজার টাকা থেকে মেটানো হবে।

১৯৮৫-৮৬ সালের তুলনায় গত অর্থবছরে আয়ের হার ছিল বেশী (১১.৬১) এবং ব্যয়ের হার ছিল কম (১০.৬৪)।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এবং সিনেট সচিব জনাব আবদুর রশীদ এ বাজেট পেশ করেন।